রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, জুন ১৭, ২০১৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**

**অধিশাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ ঃ ১ আষাঢ়, ১৪২১ বঙ্গাব্দ/১৫ জুন, ২০১৪ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ১৫০-আইন/২০১২।**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৪০ এর উপধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত আইনের ধারা ১৩৯ এর অধীন, "জুট প্রেস এন্ড বেলিং" শিল্প সেক্টর, অতঃপর উক্ত শিল্প সেক্টর বলিয়া উল্লিখিত, এর শ্রমিক ও কর্মচারীর জন্য, নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক সুপারিশকৃত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, নিম্নের তফসিল 'ক' ও 'খ' তে বর্ণিত নিম্নতম মজুরীর হারকে যথাক্রমে উক্ত শ্রমিক ও কর্মচারীর জন্য নিম্নতম মজুরীর হার হিসাবে এতদ্‌দ্বারা ঘোষণা করিল, যথাঃ—

**তফসিল 'ক'**

| নং | শ্রমিকগণের পদবিন্যাস ও শ্রেণী বিভাগ | মূল মজুরী (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরীর ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | **দক্ষ শ্রমিক**<br>সাধারণ<br>১। হেডএসর্টিং মেট<br>২। এসর্টিং মেট<br>৩। লাইন মেট<br>৪। ক্রেন ম্যান | ৩৮০০/- | ১৯০০/- | ৪০০/- | ২৫০/- | ৬৩৫০/- |



**মূল্যঃ** টাকা ৮.০০

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
|---|---|---|---|---|---|---|
| | ৫। মেসন<br>৬। ব্লাকস্মিথ<br>৭। কপারস্মিথ<br>৮। টিনস্মিথ<br>৯। রিভেটার<br>**ওয়ার্কশপ ঃ**<br>১। ওয়েল্ডার<br>২। লেদম্যান<br>৩। টার্নার<br>৪। মেশিনম্যান<br>৫। হেড কার্পেন্টার<br>৬। কার্পেন্টার<br>৭। মোল্ডার<br>৮। হেড ইলেকট্রিশিয়ান<br>৯। ফিটার<br>১০। হেড ব্লাকস্মিথ<br>১১। ব্লাকস্মিথ<br>১২। কপারস্মিথ<br>১৩। টিনস্মিথ<br>**বয়লার**<br>১। বয়লার টেন্ডল (পি)<br>২। বয়লার এটেনডেন্ট<br>**প্রেস**<br>১। হেড মিস্ত্রী<br>২। মিস্ত্রী<br>৩। কম্পাউন্ডার<br>৪। ফিটার<br>৫। ইঞ্জিন ড্রাইভার<br>৬। পাওয়ার হাউজ ড্রাইভার<br>৭। প্রেস ড্রাইভার<br>**ফুরণ ভিত্তিক ঃ**<br>১। এসর্টার (কাচ্চা) | | | | | |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
|---|---|---|---|---|---|---|
| ২। | আধা-দক্ষ ঃ | ৩১০০/- | ১৫৫০/- | ৪০০/- | ২৫০/- | ৫৩০০/- |
| | <u>সাধারণ</u> | | | | | |
| | ১। স্কেল এসর্টার | | | | | |
| | ২। ওয়েম্যান | | | | | |
| | ৩। স্টোরম্যান | | | | | |
| | ৪। হাবিলদার | | | | | |
| | ৫। জমাদার | | | | | |
| | ৬। লেবার টেন্ডল | | | | | |
| | <u>প্রেস</u> | | | | | |
| | ১। সহকারী মিস্ত্রী | | | | | |
| | ২। জেনারেটর ড্রাইভার | | | | | |
| | ৩। ভাল্‌ভ ম্যান | | | | | |
| | ৪। পাম্প ম্যান | | | | | |
| | ৫। পাম্প ড্রাইভার | | | | | |
| | ৬। ড্রাইভার হেলপার | | | | | |
| | ৭। মেটস্‌ | | | | | |
| | ৮। গ্রিজার | | | | | |
| | ৯। অয়েলম্যান | | | | | |
| | ১০। সোপম্যান | | | | | |
| | <u>বয়লার</u> | | | | | |
| | ১। ফোরম্যান (পি) | | | | | |
| | <u>ওয়ার্কশপ</u> | | | | | |
| | ১। কোবলার (লেদারম্যান) | | | | | |
| | ২। ইলেকট্রিক লাইনম্যান | | | | | |
| | ৩। ফিটার হেলপার | | | | | |
| | ৪। লেবার টেন্ডাল | | | | | |
| | <u>ফুরণ ভিত্তিক ঃ</u> | | | | | |
| | ১। এসর্টার (কাচ্চা) | | | | | |
| | ২। কুলি/বোঝা শ্রমিক | | | | | |
| | ৩। পাক্কা প্রেস খালাসী/ গাইট বাঁধাই/ওজনদার | | | | | |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
|---|---|---|---|---|---|---|
| ৩। | **অদক্ষ ঃ**<br>**সাধারণ**<br>১। মার্কম্যান<br>২। ওয়াটারম্যান<br>**প্রেস**<br>১। হেলপার<br>২। কুলি/বোঝা শ্রমিক<br>**বয়লার**<br>১। কোলম্যান (পি)<br>২। হেলপার (পি)<br>**ফুরণ ভিত্তিক ঃ**<br>১। রোপ মেকার/রশি তৈয়ার<br>২। প্রেস লেবার<br>৩। রোপ ষ্টিচার<br>৪। বোঝা ভাংগা লেবার<br>৫। কাটিং রোপ এন্ড হাবিঝাবি/বাইন্ডার<br>৬। কাচ্চা বোঝা ট্রান্সফার এন্ড ভাগা<br>৭। কাচ্চা প্রেস শ্রমিক | ২৮০০/- | ১৪০০/- | ৪০০/- | ২৫০/- | ৪৮৫০/- |
| ৪। | **শিক্ষানবিস ঃ**<br>শিক্ষানবিসীকালীন একজন শ্রমিক মাসিক সর্বসাকুল্যে=৪০০০/- (চার হাজার) টাকা প্রাপ্ত হইবেন। শিক্ষানবিসীকাল হইবে ০৩ (তিন) মাস। যদি কোন কারণে প্রথম ৩ (তিন) মাসে কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়, তবে একজন দক্ষ শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিসীকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে। শিক্ষানবিসীকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইলে সংশ্লিষ্ট ব্যক্তি সংশ্লিষ্ট গ্রেডে স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন। | | | | | |

**তফসিল 'খ'**

| নং | কর্মচারীগণের পদবিন্যাস ও শ্রেণী বিভাগ | মূল মজুরী (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরীর ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | গ্রেড-১ঃ<br>১। হিসাব রক্ষক<br>২। সুপারভাইজার | ৩৮০০/ | ১৯০০/ | ৪০০/ | ২৫০/ | ৬৩৫০/ |
| ২। | গ্রেড-২ঃ<br>১। স্টোর কিপার<br>২। টাইম কিপার<br>৩। ক্লার্ক<br>৪। টাইপিষ্ট<br>৫। সহকারী হিসাব রক্ষক<br>৬। টেলিফোন অপারেটর<br>৭। স্টোর এসিসটেন্ট<br>৮। ড্রাইভার<br>৯। ক্যাশিয়ার<br>১০। সেলস্‌ম্যান<br>১১। হেড দারোয়ান | ৩১০০/ | ১৫৫০/ | ৪০০/ | ২৫০/ | ৫৩০০/ |
| ৩। | গ্রেড-৩ঃ<br>১। পিয়ন/দপ্তরি<br>২। দারোয়ান<br>৩। পাহারাদার<br>৪। ক্লিনার/সুইপার | ২৮০০/ | ১৪০০/ | ৪০০/ | ২৫০/ | ৪৮৫০/ |
| ৪। | **শিক্ষানবিস**<br>শিক্ষানবিসীকালীন একজন কর্মচারী মাসিক সর্বসাকুল্যে = ৪০০০ (চার হাজার) টাকা পাইবেন। শিক্ষানবিসীকালীন হইবে ৬(ছয়) মাস। শিক্ষানবিসীকালীন সন্তোষজনকভাবে সমাপ্ত হইলে সংশ্লিষ্ট ব্যক্তি সংশ্লিষ্ট গ্রেডে স্থায়ী কর্মচারী হিসাবে নিযুক্ত হইবেন। | | | | | |

**শর্তাবলী**

(১) "জুট প্রেস এন্ড বেলিং" শিল্প সেক্টরে নিয়োজিত শ্রমিক ও কর্মচারীর পদবী, কাজের ধরণ ও প্রকৃতি, চাকুরীকাল, জ্ঞান ও অভিজ্ঞতা, দক্ষতা এবং পারিপার্শ্বিক অবস্থা, ইত্যাদি বিবেচনাক্রমে উপরি-উক্ত তফসিলের, অতঃপর তফসিল বলিয়া উল্লেখিত, তফসিল 'ক' এবং 'খ' তে উল্লিখিতভাবে—

(ক) শ্রমিকগণকে যথাক্রমে দক্ষ, আধা-দক্ষ ও অদক্ষ এই ০৩ (তিন) শ্রেণীতে; এবং

(খ) কর্মচারীগণকে যথাক্রমে গ্রেড-১, গ্রেড-২ ও গ্রেড-৩ এই ০৩ (তিন) শ্রেণীতে বিভক্ত করিয়া পদবিন্যাস ও শ্রেণী বিন্যাস করিতে হইবে।

(গ) উক্ত শিল্পের শ্রমিক কর্মচারীদের জন্য মজুরী তফসিল ক ও খ তে উল্লেখিত পদবিন্যাস ও শ্রেণী বিভাগের সহিত যদি কখনও বর্ণিত পদের অতিরিক্ত কোন পদ সংশ্লিষ্ট শিল্পে পূর্ব হইতে বিদ্যমান থাকে অথবা পরবর্তীতে সংযোজিত হয় সেই ক্ষেত্রে উক্ত পদ যথাযথ গ্রেডে অন্তর্ভুক্ত করিয়া মজুরী নির্ধারণ করিতে হইবে।

(২) উক্ত শিল্পের শ্রমিক কর্মচারীদের তফসিল ক ও খ তে উল্লেখিত পদবিন্যাস ও শ্রেণী বিভাগের সহিত যদি অতিরিক্ত কোন পদ সংশ্লিষ্ট শিল্পে পূর্ব হইতে বিদ্যমান থাকে অথবা পরবর্তীতে সংযোজিত হয় তাহা হইলে উক্ত পদ যথাযথ গ্রেডে অন্তর্ভুক্ত করিয়া মজুরী নির্ধারণ করিতে হইবে।

(৩) উক্ত শিল্প সেক্টরের শ্রমিক এবং কর্মচারীদের ক্ষেত্রে তফসিলের বিভিন্ন কলামে উল্লেখিত হারে মাসিক ভিত্তিতে নিম্নতম মজুরী ও বিভিন্ন ভাতা/সুবিধাদি নির্ধারিত হইবে, যাহা বাংলাদেশে অবস্থিত সকল এলাকার "জুট প্রেস এন্ড বেলিং" শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।

(৪) উক্ত শিল্প সেক্টরের তফসিলের 'ক' ও 'খ' তে উল্লেখিত যথাক্রমে শ্রমিক কর্মচারীগণ বর্তমানে যে গ্রেডে কর্মরত আছেন সেই গ্রেডেই তাহাদিগকে স্থলাভিষিক্ত করিয়া এই মজুরী কাঠামোর সহিত সমন্বয়পূর্বক তাহাদের মজুরী নির্ধারণ করিতে হইবে। কোন শ্রমিক কর্মচারীকে নিম্ন গ্রেডভুক্ত করা যাইবে না।

(৫) এই প্রজ্ঞাপন জারীর পর হইতে উক্ত শিল্প সেক্টরের মালিকগণ তফসিলে উল্লিখিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিক ও কর্মচারীগণকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিস্ট্রারভুক্ত করতঃ মজুরী স্লিপ প্রদান করিবেন।

(৬) তফসিলের 'ক' এবং 'খ' তে ঘোষিত মজুরী নিম্নতম মজুরী হিসাবে গণ্য হইবে এবং উক্ত নিম্নতম মজুরী অপেক্ষা কম মজুরী প্রদান করা যাইবে না; তবে উক্ত নিম্নতম মজুরী অপেক্ষা অধিকহারে মজুরী প্রদত্ত হইয়া থাকিলে তাহা হ্রাস করা যাইবে না।

(৭) নিয়োগ কর্তা বা মালিকপক্ষ ইচ্ছা করিলে স্ব উদ্যোগে বা এককভাবে বা যৌথ উদ্যোগে সম্পাদিত চুক্তি অনুযায়ী অথবা শ্রমিককে অধিক হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

(৮) উক্ত শিল্প সেক্টরে কোন শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইয়া থাকিলে উক্ত শ্রমিকও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫) অনুযায়ী 'শ্রমিক' বলিয়া গণ্য হইবেন। উক্ত শিল্প সেক্টরে কোন শ্রমিকের ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনাদির ক্ষেত্রে কোন সমস্যা সৃষ্টি হইলে তাহার দায়-দায়িত্ব মালিক পক্ষের উপর বর্তাইবে। ঠিকাদার/কনট্রাক্টর নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক শ্রমিকের জন্য ঘোষিত নিম্নতম মজুরী অপেক্ষা কোনক্রমেই কম মজুরী প্রদান করিতে পারিবেন না।

(৯) শর্ত (৮) এ উল্লিখিত নিয়োগকারী ঠিকাদার বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১ এর বিধান মোতাবেক মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন।

(১০) উক্ত শিল্প সেক্টরের মালিক যদি শ্রমিককে ফুরণভিত্তিক (Piece rate) মজুরী প্রদান করিয়া থাকেন, তবে তফসিলে উল্লিখিত হারে ও উপরি-উক্ত শর্তাধীনে মজুরীর হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণীভুক্ত শ্রমিকের জন্য নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম মজুরী প্রাপ্ত না হন।

(১১) তফসিলে উল্লিখিত নিম্নতম মজুরী ও বিভিন্ন ভাতাদি ছাড়াও শ্রমিক ও কর্মচারী কর্মরত প্রতিষ্ঠানে অন্যান্য যেসব সুযোগ-সুবিধা ও ভাতা পাইয়া থাকেন তাহা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৩৩৬ মোতাবেক বলবৎ ও অব্যাহত থাকিবে।

(১২) উক্ত শিল্প সেক্টরের শ্রমিক ও কর্মচারীগণ বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর সংশ্লিষ্ট ধারা অনুযায়ী অন্যান্য সুবিধাদি প্রাপ্য হইবেন।

(১৩) এই সুপারিশের কোন অংশ প্রচলিত আইনের সহিত সাংঘর্ষিক হইলে সেই অংশটুকু বাতিল বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মহিউদ্দিন আহমেদ খান**
উপসচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ শাহ্-ই-আলম পাটোয়ারী, ভারপ্রাপ্ত উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd